কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

BHARATI EDUCATION CENTRE
কোচিং ও নোটস সহ ভর্তি চলছে
NIOS
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক
বাংলা ও ইংরেজী মাধ্যম
98313 71548 / 91632 82856

বর্ষ ৪৩ সংখ্যা ৭ কলকাতা বুধবার, ৭ সেপ্টেম্বর ২০২২/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২১ ভাদ্র ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

# ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ায় ৭৬৮

## জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার

৭৬৮ জন জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার নেবে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের খাদ্য ও সরবরাহ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীরা উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম এবং উত্তর-পূর্ব জোনের মধ্যে যে-কোনও একটি জোনের জন্য আবেদন করতে পারবেন। এখানে শুধু পূর্ব জোনের শূন্যপদ বিষয়ে আলোচনা করা হল। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2022-FCI Category III.

**পোস্ট কোড এ: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ইঞ্জিনিয়ারিং):** ৭টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৪,০০০-১,০৩,৪০০ টাকা।

**পোস্ট কোড বি: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং):** ২টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৪,০০০-১,০৩,৪০০ টাকা।

**পোস্ট কোড সি: স্টেনো গ্রেড-টু:**

*এরপর তিনের পাতায়*

# স্টেট ব্যাঙ্কে ৬৪৬

## স্পেশ্যালিস্ট অফিসার

বিভিন্ন শাখায় ওয়েলথ ম্যানেজমেন্ট বিজনেস ইউনিটে ৬৪৬ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO-WEALTH/2022-23/14.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: রিলেশনশিপ ম্যানেজার:** শূন্যপদ ৩৩৫টি (সাধারণ ১৩৬, তফসিলি জাতি ৫৫, তফসিলি উপজাতি ২৫, ও বি সি ৮৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩৩)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ৪টি করে এবং চলাচলে অক্ষম প্রার্থী, 'ডি' ও 'ই' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ৩টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**ইনভেস্টমেন্ট অফিসার:** শূন্যপদ ৫২টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৮,

*এরপর সাতের পাতায়*

# সেইলে ৩২৫

অপারেটর-কাম-টেকনিশিয়ান, মাইনিং মেট, ফায়ার অপারেটর ট্রেনি-সহ বিভিন্ন পদে ৩২৫ জনকে নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে রৌরকেল্লা ইউনিটে। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ২ বছরের ট্রেনিং। সফল ভাবে ট্রেনিং শেষে সংশ্লিষ্ট সংস্থায় স্থায়ী

*এরপর ছয়ের পাতায়*

# উত্তর ২৪ পরগনায় ৭৭৪ স্বাস্থ্যকর্মী

### দরখাস্তের শেষ তারিখ ৭ সেপ্টেম্বর

কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট, স্টাফ নার্স, মেডিক্যাল অফিসার-সহ বিভিন্ন পদে ৭৭৪ জনকে নেবে উত্তর ২৪ পরগনার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। পঞ্চদশ অর্থ কমিশন এবং ন্যাশনাল হেলথ মিশনের অধীনে চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH/N24PGS/NHM/Rec./2022/8048.

**শূন্যপদের বিবরণ: ন্যাশনাল আর্বান হেলথ মিশন: কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট:** ৩৬০টি (সাধারণ ১৯৩, তফসিলি জাতি ৭২, তফসিলি উপজাতি ৩০, ও বি সি-এ ৪৩, ও বি সি-বি ২৩)। শিক্ষাগত যোগ্যতা: এ এন এম বা জি এন এম কোর্স পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ১-১-২০২২ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

**স্টাফ নার্স:** ১৭৪টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১১, ও বি সি-এ ১৯, ও বি সি-বি ১৩)। শিক্ষাগত যোগ্যতা: জি এন এম বা নার্সিংয়ে বি এসসি কোর্স পাশ। প্রার্থীর নাম অবশ্যই ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নথিভুক্ত থাকতে হবে।

*এরপর আটের পাতায়*

# উপকূলরক্ষী বাহিনীতে ৩০০

নাবিক (জেনারেল ডিউটি ও ডোমেস্টিক ব্রাঞ্চ) এবং যান্ত্রিক পদে ৩০০ জনকে নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শুধু ছেলেরা আবেদন করবেন। নিয়োগ করা হবে ০১/২০২৩ ব্যাচে।

শূন্যপদের বিন্যাস: **নাবিক** (জেনারেল ডিউটি): ২২৫টি (সাধারণ ৮৭, তফসিলি জাতি ৩৫, তফসিলি উপজাতি ৩২, ও বি সি ৪৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স এবং ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ।

**নাবিক** (ডোমেস্টিক ব্রাঞ্চ): ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক।

**যান্ত্রিক:** ৩৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল: ১৬টি, ইলেক্ট্রিক্যাল: ১০টি, ইলেক্ট্রনিক্স: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন

*এরপর ছয়ের পাতায়*

### কলকাতা পুরসভায়

# ১২৭ স্বাস্থ্যকর্মী

১২৭ জন স্বাস্থ্যকর্মী নেবে কলকাতা পুরসভা। নিয়োগ হবে চুক্তিতে, অনারারি হেলথ ওয়ার্কার পদে। প্রবেশন ১ বছরের। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: H/L/153/2022-23.

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল, সঙ্গে সমাজসেবা-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা বা আগ্রহ থাকতে হবে। বয়স: ১-১-২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছর) মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://www.kmcgov.in

*এরপর তিনের পাতায়*

# সেইলে আরও ১৪৬

অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদে ১৪৬ জনকে নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে বোকারো স্টিল প্লান্টে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং শেষে সংশ্লিষ্ট সংস্থায় চাকরির সুযোগ আছে। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে এস-১ গ্রেডে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSL/R/2022-01.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ:** সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ১৩। মোট শূন্যপদের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধী এবং ২১টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। বয়স: ১৫-৯-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে

*এরপর তিনের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# ফেলে দেওয়া নারকেল মালা দিয়ে হস্তশিল্প পথ দেখাচ্ছে উপার্জনের

ফেলে দেওয়া নারকেলের মালা থেকে বাংলার হস্তশিল্পীরা তৈরি করছেন গয়না এবং অভিনব সব শো-পিস। বাংলার শিল্পীদের উদ্ভাবনী দক্ষতা তাক লাগাচ্ছে দেশভর, এমনকী দেশের বাইরের ক্রেতাদেরও। প্রতিষ্ঠিত হস্তশিল্পীদের কাছে কাজ শিখে বা তাঁদের কাজ বিক্রি করে উপার্জন করতে পারেন ঘরে বসেই।

**নিজস্ব প্রতিনিধি:** কথায় বলে, নারকেল গাছের কিছুই ফেলা যায় না, শুধু শাঁস খেয়ে নেওয়ার পরে মালাটা ছাড়া। কিন্তু তা নয়। এই কাজে না লাগা মালা দিয়েও তৈরি করে ফেলা যায় হরেক রকমের শিল্পবস্তু। বঙ্গের হস্তশিল্প গোটা দেশে ও দেশের বাইরেও যথেষ্ট সমাদর পাচ্ছে। হস্তশিল্পসামগ্রী তৈরির কাজ যাঁরা করছেন, সেই শিল্পীরা খ্যাতি ও সম্মানের সঙ্গে আর্থিক স্বচ্ছলতার মুখও দেখতে পাচ্ছেন।

মাধ্যম হিসেবে নারকেলের মালা হস্তশিল্পের জগতে নতুনই বলা চলে। তবে তা দিয়েই অভিনব সব হস্তশিল্পসামগ্রী তৈরি হচ্ছে। তাক লাগানো উদ্ভাবনী ক্ষমতা দেখতে পাওয়া যাচ্ছে, তার উপযুক্ত দামও পাওয়া যাচ্ছে।

করোনাকালের পর ঘরের বাইরে গিয়ে কাজ করার চেয়ে অনেকেই নানা ভাবে ঘরে বসে আয় করার রাস্তা খুঁজছেন। তাঁদের জন্য উপযুক্ত হস্তশিল্পের কাজ। নারকেল মালা দিয়ে বিভিন্ন সামগ্রী বানান, এই বাংলারই এমন দুই শিল্পীর কাজ লোকমুখে ও সোশ্যাল মিডিয়ায় এতটাই জনপ্রিয় হয়েছে যে তাঁরা দেশ-বিদেশ থেকে বহু অর্ডার পাচ্ছেন।

হস্তশিল্পীদের কাছ থেকে প্রশিক্ষণ নিয়ে নিজে তৈরি করে বা তাঁদের তৈরি সামগ্রী কিনে বিক্রি করে আপনিও উপার্জনের কথা ভাবতে পারেন। এই ধরনের সূক্ষ্ম কাজের জিনিস যাঁরা শিল্পীদের কাছ থেকে সরাসরি কিনে বিক্রি করতে চান তাঁরা লক্ষ

*এরপর আটের পাতায়*

# ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ায় ৭৬৮

*প্রথম পাতার পর*

৮টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট। সেই সঙ্গে ইংলিশ টাইপিংয়ে মিনিটে ৪০টি শব্দ এবং শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩০,৫০০-৮৮,১০০ টাকা।

**পোস্ট কোড ডি: অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল):** ১৮৫টি (সাধারণ ৮০, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ১৯)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ৪২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৮,২০০-৭৯,২০০ টাকা।

**পোস্ট কোড ই: অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (অ্যাকাউন্টস):** ৭২টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কমার্সে স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৮,২০০-৭৯,২০০ টাকা।

**পোস্ট কোড এফ: অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (টেকনিক্যাল):** ১৯৪টি (সাধারণ ৮৭, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৬২, আর্থিক ভাবে অনগ্রসর ১৭)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ৫০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচারে বি এসসি। অথবা বি এসসি, সে ক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে বটানি বা জুলজি বা বায়ো-টেকনোলজি বা বায়ো-কেমিস্ট্রি বা মাইক্রোবায়োলজি বা ফুড সায়েন্স পড়ে থাকতে হবে। অথবা ফুড সায়েন্স বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা বায়ো-টেকনোলজিতে বি ই বা বি টেক। সেই সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৮,২০০-৭৯,২০০ টাকা।

**পোস্ট কোড জি: অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো):** ২৮৩টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ৭০, তফসিলি উপজাতি ২৯, ও বি সি ৪৬, আর্থিক ভাবে অনগ্রসর ২৯)। এর মধ্যে ১৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য ও ৪৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৮,২০০-৭৯,২০০ টাকা।

**পোস্ট কোড এইচ: অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (হিন্দি):** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য ও ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। প্রধান বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। ইংরেজিতে দক্ষ হতে হবে। ইংরেজি থেকে হিন্দি বা হিন্দি থেকে ইংরেজিতে অনুবাদের অন্তত এক বছর মেয়াদের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স করে থাকতে হবে। প্রতি মিনিটে ৩০টি হিন্দি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৮,২০০-৭৯,২০০ টাকা।

তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হওয়ার সম্ভাবনা জানুয়ারি মাসে। প্রথম পর্যায়ের অনলাইন পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), রিজনিং এবিলিটি (২৫ নম্বর), নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (২৫ নম্বর) ও জেনারেল স্টাডিজ (২৫ নম্বর)। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, হুগলি, আসানসোল, দুর্গাপুর। দ্বিতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হবে তিনটি পত্রে। প্রথম পত্র ১২০ নম্বরের, সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পত্র ১২০ নম্বরের, সময় ১ ঘণ্টা। তৃতীয় পত্র ১২০ নম্বরের, সময় দেড় ঘণ্টা। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে। অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (জেনারেল) এবং অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি (ডিপো) পদের প্রার্থীদের কেবল প্রথম পত্রের পরীক্ষা দিতে হবে। স্টেনো গ্রেড-টু পদের প্রার্থীদের কেবল তৃতীয় পত্রের পরীক্ষা দিতে হবে। এছাড়াও স্টেনোগ্রাফার পদের জন্য স্কিল টেস্ট হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fci.gov.in দরখাস্তের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও হাতে লেখা ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা ইউ.পি আই বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে। তফসিলি, মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না।

খুঁটিনাটি বিষয়ে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


## ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড

(ভারত সরকার দ্বারা অধিগৃহীত)
(রিফাইনারীজ ডিভিশন)
হলদিয়া রিফাইনারী

IndianOil

রেফা.নং: এইচআর/মেড/৫৮/২২-২৩

**হলদিয়া রিফাইনারী হসপিটাল, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ-এ পার্ট টাইম ভিজিটিং কনসালটেন্ট নিয়োগের জন্য সরাসরি সাক্ষাৎকার**

ইন্ডিয়ানঅয়েল কর্পোরেশন লিমিটেড, হলদিয়া রিফাইনারী, চুক্তির ভিত্তিতে আইওসিএল হলদিয়া রিফাইনারী হসপিটালে পার্ট টাইম ভিজিটিং কনসালটেন্ট নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের আহ্বান করছে।

**পার্ট টাইম ভিজিটিং কনসালটেন্ট-র জন্য যোগ্যতার মানদণ্ড:**

| ক্রমিক নং. | স্পেশালাইজেশন | শিক্ষাগত যোগ্যতা/ মেডিক্যাল রেজিস্ট্রেশন | ন্যূনতম অভিজ্ঞতা | যত সংখ্যক নিয়োগ হবে |
|---|---|---|---|---|
| ১ | অবস্টেট্রিক্স ও গাইনোকোলজি | এম.বি.বি.এস সহ সংশ্লিষ্ট স্পেশালিটিতে এম.ডি/এম.এস/ডি.এন.বি | ০১ বছর | ০১ |
| ২ | জেনারেল সার্জেন | | | ০১ |
| ৩ | অর্থোপেডিক সার্জেন | | | ০১ |
| ৪ | ফিজিশিয়ান | | | ০১ |
| ৫ | নিউরোলজি | এম.ডি /এম.এস সহ সংশ্লিষ্ট স্পেশালিটিতে ডি.এম/এম.সি.এইচ/ডি.এন.বি | ০১ বছর | ০১ |
| ৬ | ইউরোলজি | | | ০১ |
| ৭ | গ্যাসট্রোএনটেরোলজি | | | ০২ |

| | | |
|---|---|---|
| (ক) | সরাসরি সাক্ষাৎকারের তারিখ | আনুমানিকভাবে সেপ্টেম্বর, ৩-য় সপ্তাহ ২০২২ |
| (খ) | স্থান | ইন্ডিয়ানঅয়েল ভবন, ২, গড়িয়াহাট রোড সাউথ, ঢাকুরিয়া, কলকাতা- ৭০০ ০৬৮ |

আগ্রহী প্রার্থীগণ তাদের বায়োডাটা পাঠাতে পারেন ই-মেলের মাধ্যমে এখানে: dasranjan@indianoil.in. অথবা পোস্টের মাধ্যমে- **Asstt. Manager (EMS), Indian Oil Corporation Limited, Haldia Refinery Hospital, P.O.: Haldia Township, Dist.: Purba Medinipur, West Bengal, Pin-721607**

**আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ১৪.০৯.২০২২**

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের পরে তাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সমস্ত প্রাসঙ্গিক নথিপত্রের স্বপ্রত্যয়িত কপি নথিপত্র পরীক্ষার পর আগ্রহী প্রার্থীগণকে তাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সমস্ত প্রাসঙ্গিক নথিপত্রের স্বপ্রত্যয়িত কপি এবং ২টি সাম্প্রতিক পাসপোর্ট সাইজ ছবি সহ সরাসরি সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে। মূল শংসাপত্রগুলিও যাচাইয়ের প্রয়োজনে সঙ্গে আনতে হবে।

সমস্ত যোগ্য প্রার্থীদের 'সরাসরি সাক্ষাৎকার' বিষয়ে জানানো হবে ই-মেল ও ফোনের মাধ্যমে। সাক্ষাৎকারের সূচি আমাদের ওয়েবসাইট www.iocl.com-এর "কেরিয়ার্স" বিভাগেও পাওয়া যাবে।

যে কোনো অনুসন্ধানের জন্য কল করুন ০৩২২৪-২২৪৩০৪ /৪৩০৮/৪৩৪১ নম্বরে।


# সেইলে আরও ১৪৬

*প্রথম পাতার পর*

বয়সের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৫৫ সেমি, মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৪৩ সেমি। ওজন: পুরুষদের ক্ষেত্রে অন্তত ৪৫ কেজি, মহিলাদের ক্ষেত্রে অন্তত ৩৫ কেজি।

বেতন: প্রশিক্ষণের প্রথম বছরে প্রতি মাসে ১২,৯০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ১৬,১০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম ২৫,০৭০-৩৫,০৭০ টাকা।

কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে স্কিল টেস্ট বা ট্রেড টেস্টের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in দরখাস্তের শেষ তারিখ ১৫ সেপ্টেম্বর। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ১০০ কেবি সাইজের মধ্যে) এবং ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কেবল প্রসেসিং ফি বাবদ ১০০ টাকা দিতে হবে। ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ব্যাঙ্ক চালানের মাধ্যমে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


# কলকাতা পুরসভায় ১২৭ স্বাস্থ্যকর্মী

*প্রথম পাতার পর*

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ও ফটোর উপর আড়াআড়ি ভাবে সই করে দেবেন। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণ-পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓বিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে ম্যারেজ সার্টিফিকেট বা স্বামীর নামের উল্লেখ আছে এমন সচিত্র পরিচয়পত্র, বিধবাদের ক্ষেত্রে স্বামীর মৃত্যু-শংসাপত্র এবং বিবাহবিচ্ছিন্ন পুরুষ ও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ সেপ্টেম্বর বিকেল ৪টের মধ্যে সরাসরি নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপবক্সে জমা দিতে হবে। ঠিকানা: Municipal Commissioner, Kolkata Municipal Corporation, 5, S. N. Banerjee Road, Kolkata – 700013. দরখাস্ত সি এম ও বিল্ডিংয়ের তৃতীয় তলে রাখা ড্রপবক্সে জমা দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

(Established by WB (XIX) Act 1997; Recognized by UGC, RCI & AICTE)
Accredited by NAAC with Grade 'A' | DD-26,Salt Lake,Kolkata-700 064
Website : www.wbnsou.ac.in | Phone : 033-4066 3220; E-mail : registrar@wbnsou.ac.in

## Glorious 25-years (1997-2022) of service towards Higher Education Sector in the State of West Bengal

Accredited and approved by
UGC-DEB | RCI | AICTE | NAAC

Admission in Under Graduate Degree Programmes is going on
Visit: bdp.wbnsouadmissions.com





## Courses on offer under the SIX Schools of Studies

### Ph.D. Programme

Bengali, English, English Language Teaching, History, Pol. Science, Sociology, Education, Library and Information Science, Commerce / Management, Geography, Zoology, Mathematics, Physics, Chemistry.

### Post Graduate Degree Programme (Duration : 2-year)

Bengali, English, English Language Teaching, History, Pol. Science, Public Administration, Social Work, Education, Library and Information Science,Commerce, Geography, Zoology, Mathematics, Journalism and Mass Communication, Economics, M.Ed. (Special Eudcation-ID).

### Under Graduate Degree Programme (Duration : 3-year)

Bengali, English, History, Pol. Science, Sociology, Public Administration, Economics, Commerce, Education, Physics, Chemistry, Botany, Geography, Zoology, Mathematics.

### Diploma Courses (Vocational Programmes) (Duration : 1 year)

Pre-Primary Teachers' Education-Montessori, Yoga Education, 3D Animation, Film Direction, Web Designing, digital marketing. Entrepreneurship Development & Small Business Management, Fire Safety Skills & Security Management etc.

### 2nd Degree Programme

BLIS, B.Ed.Special Education (HI/ID/VI)

### Proposed Programme

MBA

### Salient features :

- Self-Learning Materials (Print & Digital)
- Online and Face to Face Counselling
- Learning Management System/NSOU App
- NSOU OER Respository & other repositories
- A/V lectures
- Mobile App
- Web TV
- Web Radio-Muktak


### Schools of Studies :

School of Humanities
School of Social Sciences
School of Sciences
School of Professional Studies
School of Education
School of Vocational Studies


### Value Added / Short-term Courses :

i. Goods & Service Tax (MOOC)
ii. Child Rights & Protection (MOOC)
iii. Fundamental on Cyber Security (MOOC)
iv. Foundations in Heutagogy (MOOC)
v. FDP-SWAYAM (MOOC)
vi Understanding Neurodiversity (MOOC)
vii. Film Appreciation (Online)
viii. News Writing (Online)
ix. Folklore Studies in the Digital Age (Online)
x. Aesthetics & Literary Criticism (Online)

Growth in terms of admission




Growth in terms of Learners' Support Centres




## Regional Centres :

## Kalyani | Durgapur | Jalpaiguri

### Centres :

Centre for Lifelong Learning under the aegis of School of Vocational Studies
Centre for Language,Translation and Cultural Studies under the aegis of School of Humanities
Centre for Disability studies & Educational Research under the aegis of School of Education
NSOU Centre for Social Studies under the aegis of School of Social Sciences
Centre for Propagation of Scientific knowledge under the aegis of School of Sciences
Centre for Online Education
Village Knowledge Centre under School of Vocational Studies
Learners' Facilitation Centre

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# প্রস্তুতির জন্য নিজের লক্ষ্য স্থির করে নাও



**প্রবাল গুহ**
*ভাইস প্রেসিডেন্ট, সেলস, ভেলনিক ইন্ডিয়া, পার্সোন্যাল কেয়ার ম্যানুফ্যাকচারিং সংস্থা*
*প্রাক্তন সিনিয়র জেনারেল ম্যানেজার-বায়োটিক*
*প্রাক্তন জেনারেল ম্যানেজার, হিমালয়া*



লক্ষ্য না থাকলে প্রস্তুতির কোনও মানে হয় না। তাই কীসের জন্য প্রস্তুতি নিচ্ছ সেটা যেন প্রথম থেকেই স্পষ্ট থাকে তোমার কাছে। তোমাদের মধ্যে কেউ স্বেচ্ছায় পছন্দসই কোনও পেশা নির্বাচন করেছ, কেউ পারিবারিক ধারা বজায় রাখতে কোনও নির্দিষ্ট পেশায় যাবে বলে ভেবেছ, কেউ হয়তো কোনও নির্দিষ্ট তাগিদ ছাড়াই পেশা বেছে নিয়েছ। তোমাদের প্রত্যেককেই আসলে প্রস্তুতির দু'টি ধাপ পার হতে হবে।

প্রথমটি হল কাজের জন্য প্রস্তুতি। যে-কাজ তুমি করতে চাও তার জন্য নিজেকে যোগ্য করে তোলা। ছাত্রজীবন চলাকালীনই পছন্দের কাজ নিয়ে পড়াশোনা শুরু করলে সবচেয়ে ভালো। সেই বিষয়ক বই পড়া, সেই পেশা সম্পর্কে যতটা সম্ভব জ্ঞান আহরণ করা, কোথায়, কোন কোন সংস্থায় কাজ করার সুযোগ আছে সেই বিষয়ে খোঁজখবর রাখা, সেই নির্দিষ্ট পেশার জন্য কোন ধরনের ডিগ্রির চাহিদা আছে—এই সব ব্যাপারে ওয়াকিবহাল থাকা খুব জরুরি। সেই বুঝে বই জোগাড় করো, ইন্টারনেট সার্চ করো, সাম্প্রতিক তথ্য যা পাও মনে রাখো, বাজার বুঝতে চেষ্টা করো। এই ভাবে ওই নির্দিষ্ট পেশা বা কাজটির জন্য তুমি নিজেকে তৈরি করতে পারবে।

দ্বিতীয় ধাপটি হল, কাজ পাওয়ার জন্য প্রস্তুতি বা ইন্টারভিউ। এটি মূলত তোমার মূল্যায়ন। এতদিন যা শিখলে, যেভাবে নিজেকে যোগ্য করে তুলতে চেষ্টা করলে, সেই সবই যাচাই করা হবে। লিখিত, মৌখিক, গ্রুপ ইন্টারভিউ— নানা ভাবে তোমায় পরীক্ষা করা হবে। এখানে তোমার বিষয়গত জ্ঞান যত ভালো থাকবে ততই তোমার ভিত শক্ত হবে। কিন্তু তার বাইরেও তথ্য জানা, নিজেকে প্রেজেন্টেবল্ রাখা আলাদা নম্বর যোগ করবে। উপস্থিত বুদ্ধি দিয়ে অনেকটাই সামলে নেওয়া যায় ইন্টারভিউয়ের সময়। তবে সবারই দারুণ বুদ্ধি থাকতে হবে, না হলে চাকরি পাবে না, এরকম কোনও কথা নেই। নিয়মিত চর্চা যে করেছে, নিজেকে ঘষেমেজে যোগ্য করেছে, তার মধ্যেও আলাদা আত্মবিশ্বাস কাজ করে।

ইন্টারভিউ বোর্ডে কোনও বিষয়ে তাড়াহুড়ো না করাই ভালো। উত্তর জানো বা না জানো, শান্ত, সহজ ও সাবলীল ভাবে বুঝেশুনে কথা বলো। নার্ভাস হয়েও অনেকে তাড়াহুড়ো করে ফেলে। টেনশন করে অনেকে হাত-পা নাড়াতে থাকে। সেদিকে খেয়াল রাখতে হবে।

ভয় করতেই পারে, কিন্তু তার জন্য কোনও নেতিবাচক বার্তা যেন ইন্টারভিউয়ারের কাছে না যায়। করোনার সংক্রমণের পর মাস্ক সঙ্গে রাখার কথাও মনে রাখতে হবে। মাস্ক পরেই ইন্টারভিউ দিতে যাবে। তারপর প্রয়োজন বুঝে ইন্টারভিউয়ারের অনুমতি নিয়ে মাস্ক খুলে পকেটে বা ব্যাগে রাখতে পারো।

এখন অনেক সময়ই ইন্টারভিউয়ের বেশ কয়েকটি স্তর অনলাইনেই হয়। তোমার যাবতীয় সার্টিফিকেট অনলাইনে পাঠিয়ে রাখলেও, যখন সামনাসামনি ইন্টারভিউ দিতে যাবে, নথিপত্রগুলো অবশ্যই সঙ্গে নিয়ে যাবে ফাইলে সাজিয়ে। কোনও কাজে লাগবে না ধরেই নেওয়া যায়, কিন্তু তোমাকে সব সময় তৈরি থাকতে হবে।

ইন্টারভিউয়ার তোমাকে কথা বলার সুযোগ দেবেন, নিজেকে প্রমাণ করার জায়গা দেবেন। অনেকটা পরীক্ষার খাতার মতো। এখন তুমি কতটা পরিচ্ছন্ন ভাবে নিজের মনোভাব, জ্ঞান উপস্থাপন করতে পারো সেটাই তোমার পরীক্ষা। কতটা বলতে হবে আর কোথায় থামতে হবে সেটা জানা খুব জরুরি। তাহলেই পুরো পরিস্থিতি অনেকটাই আয়ত্তে রাখা যায়।

# স্টেট ব্যাঙ্কে ৬৪৬

## স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে এন আই এস এম বা সি ডব্লু এম সার্টিফিকেট থাকতে হবে। সি এ বা সি এফ পি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার:** শূন্যপদ ১৪৭টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ২টি করে এবং চলাচলে অক্ষম প্রার্থী ও 'ডি' ও 'ই' ক্যাটেগরির প্রার্থীদের জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৬ বছরের বেশি সময়ের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৬ থেকে ৩৮ বছরের মধ্যে হতে হবে।

**রিলেশনশিপ ম্যানেজার (টিম লিড):** শূন্যপদ ৩৭টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে দৃষ্টি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**কাস্টোমার রিলেশনশিপ এক্সিকিউটিভ:** শূন্যপদ ৭৫টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে দৃষ্টি, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও চলাচলে অক্ষম প্রার্থীর জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সেই সঙ্গে দু'চাকার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৪-২০২২ তারিখে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** প্রার্থীর সঙ্গে আলোচনার ভিত্তিতে নির্ধারিত হবে।

বয়সের ক্ষেত্রে তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ভিডিও বা টেলিফোনের মাধ্যমেও ইন্টারভিউ নেওয়া হতে পারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, www.sbi.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) এবং জীবনপঞ্জি, সচিত্র পরিচয়পত্র, জন্মতারিখের প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যাবতীয় নথিপত্র, সাম্প্রতিক স্যালারি স্লিপ, প্রযোজ্য ক্ষেত্রে 'নো অবজেকশন সার্টিফিকেট' আপলোড করতে হবে (পি ডি এফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। অনলাইনে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হৃষীকেশ এইমসে ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর

৩৩ জন টিউটর/ক্লিনিক্যাল ইনস্ট্রাক্টর (নার্সিং) নেবে হৃষীকেশ এইমস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২০২২/০৯৯।

**শূন্যপদের বিবরণ:** সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি নার্সিং। অথবা সিস্টার টিউটর ডিপ্লোমা-সহ নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে ৩ বছর পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে। নার্সিংয়ে মাস্টার ডিগ্রি থাকলে, স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকলে, স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ৩ বছরের পড়ানোর অভিজ্ঞতা থাকলে, পি এইচ ডি বা এম ফিল ডিগ্রিধারী বা ইন্ডিপেন্ডেন্ট হিসেবে কোনও দেশি বা বিদেশি জার্নালে আর্টিকল প্রকাশিত হলে অগ্রাধিকার।

**বয়স:** ৫০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ১৫,৬০০-৩৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ অক্টোবর।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

বিভিন্ন বিভাগে ৩২ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন। এটি কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে মার্কেটিং, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, লিগ্যাল এবং এইচ আর বিভাগে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০২২।

**বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: মার্কেটিং:** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মার্কেটিং ম্যানেজমেন্টে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা মার্কেটিং অন্যতম বিষয় হিসেবে নিয়ে এম বি এ পাশ।

**ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস:** ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কমার্সে স্নাতক-সহ সি এ বা আই সি ডব্লু এ।

**লিগ্যাল:** ৩টি (সাধারণ ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** আইনে প্রথম শ্রেণিতে স্নাতক ডিগ্রি। ন্যাশনাল ল স্কুল বা ল ফ্যাকাল্টি অব দিল্লি ইউনিভার্সিটি থেকে স্নাতক ডিগ্রি অর্জন করে থাকলে অগ্রাধিকার।

**এইচ আর:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল ওয়ার্কে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা এইচ আর অন্যতম বিষয় হিসেবে নিয়ে এম বি এ ডিগ্রি। অথবা এইচ আর অন্যতম বিষয় হিসেবে নিয়ে ম্যানেজমেন্টে প্রথম শ্রেণির নম্বর-সহ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা।

**বয়স:** ৩-১০-২০২২ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতনক্রম:** ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। অনলাইন টেস্টে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: প্রফেশনাল নলেজ (৯০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (১৫ নম্বর), লজিক্যাল রিজনিং (১৫ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (১৫ নম্বর)। সময় ২ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.spmcil.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩ অক্টোবর। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, কালো কালির সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও হাতে লেখা ডিক্লারেশন আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ফেলে দেওয়া নারকেল মালা দিয়ে হস্তশিল্প পথ দেখাচ্ছে উপার্জনের

*প্রথম পাতার পর*

রাখবেন, অর্ডার দেওয়া ও জিনিস ডেলিভারি নেওয়ার মধ্যে যাতে যথেষ্ট সময় থাকে।

### শিল্পীদের কথা

শ্রীরামপুরের সোমনাথ বন্দ্যোপাধ্যায় পেশায় ছিলেন একজন বেসরকারি কর্মচারী। পেশার বাইরে তিনি সাধনা করেন সংগীতের। বাবা ছিলেন জলতরঙ্গশিল্পী নীরদবরণ বন্দ্যোপাধ্যায়। তাঁর কাছেই সোমনাথবাবুর শিল্প সৃষ্টিতে হাতেখড়ি। লকডাউনে বাড়িতে বসে তিনি ফেলে দেওয়া জিনিস, যেমন টাইলস, সসের বোতল, পোড়ামাটির টালির টুকরো, বাঁশ ইত্যাদি দিয়ে তৈরি করে ফেলেন বাদ্যযন্ত্র। সেই বাদ্যযন্ত্রগুলি তিনি নিজেই বাজান। তাঁর তৈরি বাদ্যযন্ত্র ও বাজনা এতটাই জনপ্রিয় হয়েছে যে, ইন্ডিয়া বুক অব রেকর্ডস তাঁকে এর জন্য সম্মানিত করেছে। তিনি ডাক পেয়েছেন একাধিক টেলিভিশন রিয়েলিটি শো-তে।

সম্প্রতি সোমনাথবাবু ফেলে দেওয়া নারকেলের মালা থেকে বিভিন্ন বাদ্যযন্ত্রের শো-পিস তৈরি করা শুরু করেছেন। নারকেলের মালা দিয়ে তৈরি তবলা, সরস্বতী বীণা, তানপুরা, সেতার, ড্রাম, ঢাক, জলতরঙ্গ, সরোদ ইত্যাদি বেশ জনপ্রিয় হয়েছে। এসব শো-পিসের যথেষ্ট অর্ডারও পাচ্ছেন তিনি। এছাড়াও তিনি বানান নৌকোঘড়ি, প্রদীপদানি, পেনদানি, ইন্ডোর প্ল্যান্টের জন্য টব ইত্যাদি।

যে-কাজ সোমনাথবাবু শখ হিসেবে শুরু করেছিলেন, তা আজ তাঁর উপার্জনের অন্যতম মাধ্যম। শুধু এ রাজ্য বা এ দেশ নয়, অস্ট্রেলিয়া, আমেরিকা থেকে শো-পিসের অর্ডার পাচ্ছেন তিনি। কুরিয়ারের মাধ্যমে তাঁর তৈরি শিল্পসামগ্রী সোমনাথবাবু পৌঁছে দিচ্ছেন ক্রেতার কাছে।

পারিশ্রমিকের বিনিময়ে সোমনাথবাবুর কাছে নারকেলের মালা দিয়ে তৈরি শো-পিস তৈরির প্রশিক্ষণ নিতে পারেন। বিভিন্ন কর্মশালাতেও ডাক পড়ে তাঁর। পাশাপাশি তাঁর কাছ থেকে এই শো-পিসগুলো কিনে বিক্রি করে উপার্জন করতে পারেন যে-কেউ। যোগাযোগ- ৮৫৮৪০-৬৩৬৩৩।

শৈশবে মায়ের কাছে শেখা নারকেল মালার কাজ আড়ংঘাটার সঞ্জয় বিশ্বাসকে তাঁর জীবনে এগিয়ে যেতে প্রভূত সাহায্য করেছে। প্রায় বাইশ বছর ধরে তিনি নারকেলের ফেলে দেওয়া মালা দিয়ে তৈরি করছেন কাপ- প্লেট, কফি মগ, ঘর সাজানোর নানা শৌখিন জিনিস, টেবিল ল্যাম্প, ব্যাগ, খাবার পাত্র, বিখ্যাত মানুষের মূর্তি, পৌরাণিক দেবদেবী, খড়ম, গয়না ইত্যাদি। এর জন্য তিনি একাধিক পুরস্কার পেয়েছেন।

নারকেল মালা দিয়ে হস্তশিল্পসামগ্রী তৈরিতে উৎসাহী ব্যক্তিরা শিল্পীর সঙ্গে সরাসরি যোগাযোগ করতে পারেন। নিজে তৈরি করার পাশাপাশি সঞ্জয়বাবু নিজের বাড়িতে বা কর্মশালার মাধ্যমে কাজও শেখান। তাঁর কাছে কাজ শিখে নারকেল মালা দিয়ে হস্তশিল্পসামগ্রী তৈরি ও বিক্রি করতে পারেন। শুধু কাজ শেখানো নয়, কোথায় গেলে নিজের কাজ বিক্রি করতে পারবেন, শিক্ষার্থীদের সে বিষয়েও পরামর্শ দেন তিনি। উৎসাহী দরিদ্র ছাত্রছাত্রীদের বিনামূল্যে প্রশিক্ষণ দিয়ে থাকেন সঞ্জয়বাবু। কাজ শেখার অবকাশ না থাকলে তাঁর তৈরি বিভিন্ন ধরনের জিনিস, বিশেষ করে নারকেল মালার গয়না হোলসেলে কিনে ব্যবসা করতে পারেন। যোগাযোগ-৯৭৩৪৩-১৭১৮৬।



### নারকেল মালার বাদ্যযন্ত্র হুবহু আসল বাদ্যযন্ত্রের মতো

**সোমনাথ বন্দ্যোপাধ্যায়, শিল্পী, শ্রীরামপুর**

সংগীত ও বাদ্যযন্ত্র সম্পর্কে আমার জ্ঞান থাকায় নারকেল মালা দিয়ে বা ফেলে দেওয়া জিনিস দিয়ে বাদ্যযন্ত্র তৈরি করা অনেকটা সহজ হয়। নারকেলের মালা দিয়ে কিছু তৈরি করা বেশ কঠিন। কিন্তু চেষ্টা করি একেবারে আসলের মতো করতে। আসল তবলার উপরে চামড়া থাকে, নারকেলের মালা দিয়ে আমার তৈরি শো-পিস তবলাতেও তাই থাকে। বীণা বা তানপুরাতে আসলের মতো তার থাকে। এই প্রত্যেকটি শো-পিস আয়তনে ছোট কিন্তু হুবহু আসলের মতো করে তৈরি। তবে নারকেলের মালা দিয়ে সব ধরনের বাদ্যযন্ত্র তৈরি করা যায় না। যেমন হারমোনিয়াম, পিয়ানো বানানো সম্ভব হয় না।

কাজের মধ্য দিয়েই বুঝতে পারছি, এই শিল্পের যথেষ্ট চাহিদা তৈরি হয়েছে। শখ করে যে জিনিস তৈরি করতাম তা এখন আমার প্রধান কাজ। দুজন কর্মীও আছেন, আমাকে সাহায্য করেন। অনেকেই আমার থেকে জিনিস কিনে অনলাইন ও অফলাইন- দু'ভাবেই বিক্রি করছেন। সোশ্যাল মিডিয়ায় আমার কাজের বিষয়ে জানার পরে অনেকেই যোগাযোগ করছেন। আমার কাছে অনলাইনে প্রশিক্ষণ নিয়ে রাজ্যের বাইরেও অনেকে নারকেল মালা দিয়ে শিল্পসামগ্রী তৈরি করে উপার্জন করছেন।



### নারকেল মালা দিয়ে তৈরি জিনিসের চাহিদা বাড়ছে

**সঞ্জয় বিশ্বাস, শিল্পী, নদিয়া**

নারকেল মালা দিয়ে বিবিধ শিল্পবস্তু তৈরির কাজ শিখেছি মায়ের কাছে। অনেক বছর পরে ২০১২ নাগাদ, দিল্লিতে একটি সাত দিনের কর্মশালায় যোগ দিয়ে আরও কিছু কাজ শিখি। নারকেলের মালা দিয়ে সাধারণ ভাবে কাপ প্লেট বা চাবির রিং তৈরির বাইরে চেষ্টা করেছি আরও অনেক কিছু করার। যেমন, নারকেল মালার উপর বিখ্যাত মানুষের পোর্ট্রেট, পৌরাণিক দেবদেবী খোদাই করা। তার পাশাপাশি টেবিল ল্যাম্প, ব্যাগ, খাবারের পাত্র, নকশা করা জাঁতি, মহাপুরুষদের মূর্তি ও আরও নানা ধরনের শো-পিস ইত্যাদি তৈরি করছি। আমার কাজের মধ্যে এখনও অবধি সবচেয়ে খ্যাতি কুড়িয়েছে সপরিবারে মা দুর্গা। ৬ ফুট চওড়া ও সাড়ে তিন ফুট লম্বা, এই কাজটা করতে সময় লেগেছিল প্রায় তিন বছর। সোশ্যাল মিডিয়ার মাধ্যমে জানাশোনা বাড়ার পর এত বেশি অর্ডার আসছে যে, কুলিয়ে উঠতে পারছি না। তবে এই সময় সবচেয়ে বেশি জনপ্রিয় হয়েছে নারকেল মালা দিয়ে তৈরি গয়না। কানের দুল, লকেট, হাতের বালা, চুলের কাঁটা ইত্যাদির চাহিদা ক্রমশ বাড়ছে। আমি মূলত নিজের মস্তিষ্কপ্রসূত নকশা নিয়েই কাজ করি, তবে কেউ যদি তাঁর নিজস্ব নকশা অনুযায়ী কাজ করাতে চান, তাও সম্ভব।

এ কাজ আমি পারিশ্রমিকের বিনিময়ে শেখাই। প্রসঙ্গত বলি, দরিদ্র ছাত্রছাত্রীদের কাছ থেকে আমি কোনও পারিশ্রমিক নিই না। তবে শিক্ষার্থীর প্রকৃতই আর্থিক সমস্যা আছে কিনা তা যাচাই করে নিই।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাকোভিজিল্যান্সের সার্টিফিকেট কোর্স

ফার্মাকোভিজিল্যান্স ইন ক্লিনিক্যাল রিসার্চের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার। কোর্সটি এ এম আর আই হসপিটালের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ নয় মাস। কোর্স শুরু হবে অক্টোবরে।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি, বি ফার্ম, এম ফার্ম, এম বি বি এস, এম ডি, এম ডি এস, নার্সিং, বি ডি এস, বি এইচ এম এস, বি ভি এস সি— যে-কোনও একটি ডিগ্রি থাকলে আবেদন করা যাবে। প্যারামেডিক্যাল শাখার অন্তর্ভুক্ত যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র যে-কোনও কাজের দিন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টার থেকে সরাসরি সংগ্রহ করতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র বিশ্ববিদ্যালয়ে ২৭ সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in ফোন নম্বর: ৯০৮৮৪০১৩৫৪।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বি এড কোর্স

ব্যাচেলর অব এডুকেশন (বি এড) কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে অক্টোবরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 12/B.Ed./ 2022.

**মেথড বিষয়গুলি হল:** বাংলা, ইংরেজি, সংস্কৃত, ইতিহাস, ফিজিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্স, জিওগ্রাফি, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, কমার্স, এডুকেশন এবং অন্যান্য।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ম্যাথমেটিক্স ও বিজ্ঞানে স্পেশ্যালাইজেশন ও মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় বি ই বা বি টেক ডিগ্রি। বি সি এ বা এম সি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। **বয়স:** ১-৭-২০২২ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

ফ্রেশার প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং কর্মরত প্রার্থীদের বাছাই করা হবে শিক্ষকতার অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ২০ সেপ্টেম্বর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর। ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৬০ টাকা)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### পি জি স্কলারশিপস ফর প্রফেশনাল কোর্সেস ফর এস সি/এস টি ২০২২-২৩

পেশাদারি বিষয়ে স্নাতকোত্তর স্তরে পাঠরত তফসিলি জাতি ও উপজাতি ক্যাটেগরিভুক্ত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৭,৮০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/PSPS6 আবেদন করা যাবে ৩১ অক্টোবর পর্যন্ত।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# উত্তর ২৪ পরগনায় ৭৭৪ স্বাস্থ্যকর্মী

*প্রথম পাতার পর*

স্থানীয় ভাষা জানা থাকা চাই। বয়স: ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

**ফুলটাইম মেডিক্যাল অফিসার:** ৪টি (ও বি সি-এ ৩, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: কম্পালসরি ইন্টার্নশিপ-সহ এম বি বি এস পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চশিক্ষিতরা অগ্রাধিকার পাবেন। বয়স: ১-১-২০২২ তারিখে ৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

**পঞ্চদশ ফিনান্স কমিশন: মেডিক্যাল অফিসার:** ৭৪টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ৭, ও বি সি-বি ৬)। শিক্ষাগত যোগ্যতা: কম্পালসরি ইন্টার্নশিপ-সহ এম বি বি এস পাশ। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চশিক্ষিতরা অগ্রাধিকার পাবেন। বয়স: ১-১-২০২২ তারিখে ৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

**স্টাফ নার্স: আর্বান হেলথ ওয়েলনেস সেন্টার:** ৭৪টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ৭, ও বি সি-বি ৬), **পলিক্লিনিক:** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: জি এন এম কোর্স বা নার্সিংয়ে বি এসসি পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (সি এইচ এ আর্বান):** ৭৪টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ৭, ও বি সি-বি ৬)। শিক্ষাগত যোগ্যতা: এ এন এম বা জি এন এম কোর্স পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় দক্ষ হতে হবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ১-১-২০২২ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.north24parganashealth.org দরখাস্তের শেষ তারিখ ৭ সেপ্টেম্বর। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি: ✓প্রার্থীর ফটো ও সই ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা স্কুল লিভিং সার্টিফিকেট ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আই ডি বা পাসপোর্ট বা আধার কার্ড বা ড্রাইভিং লাইসেন্স ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে ভোটার আই ডি বা পাসপোর্ট বা প্যান কার্ড বা আধার কার্ড ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (থাকলে)।

উপরোক্ত নথিগুলি স্ক্যান করে একটি পি ডি এফ ফাইলে সেভ করে আপলোড করতে হবে।

এছাড়াও পদ অনুসারে শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতার যাবতীয় নথিপত্র একটি সিঙ্গল পি ডি এফ ফাইলে সেভ করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং সাবমিট করা দরখাস্তের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in